কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প"
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেটে সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



ডাউনলোড
"এই যুগ
অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]


HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 13 APRIL 2026 ,MONDAY | ১৩ এপ্রিল ২০২৬ ,সোমবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-132


## ১৬ই এপ্রিল উত্তরবঙ্গের তিন স্থানে মুখ্যমন্ত্রীর সভা



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ এপ্রিল :** আগামী ১৬ এপ্রিল উত্তরবঙ্গের তিন জায়গায় সভা করবেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ।উত্তরবঙ্গের কোচবিহার জেলার মাথাভাঙ্গা দিনহাটা এবং আলিপুরদুয়ার জেলায় সভায় যোগ দিবেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বিধানসভা ভোটের প্রচারে রাজ্যের হেভি ওয়েট নেতা থেকে শুরু করে কেন্দ্রীয় নেতৃত্ব উত্তরবঙ্গের দিকে নজর দিয়েছেন। ১৬ ই এপ্রিল আলিপুরদুয়ার জেলায় মমতা বন্দ্যোপাধ্যায়ের সভাতে তৃণমূল সমর্থকদের ঢল নামাতে রীতিমতো তোরজোড় শুরু হয়েছে তৃণমূল সমর্থক এবং নেতৃত্ব দেন মধ্যে। আগামী তিন দিন ধরে জেলার বিভিন্ন প্রান্তে মমতা বন্দ্যোপাধ্যায়ের সভায় যোগদানের জন্য প্রচার চালাবে তৃণমূল সমর্থকরা জোরদার ভাবে। রবিবার আলিপুরদুয়ার প্যারেড গ্রাউন্ড এলাকা পরিদর্শন করলেন প্রশাসনিক কর্তারা।

## ৫৫ কোম্পানি কেন্দ্রীয় বাহিনীর জওয়ান এসে পৌঁছালো রবিবারে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ এপ্রিল :** বিধানসভা ভোট ঘোষণা হওয়ার পর প্রার্থী তালিকা প্রকাশিত হওয়ার আগেই কেন্দ্রীয় বাহিনীর জওয়ান আসা শুরু হয়েছিল। আসামের ভোট শেষ হওয়ার পরেই কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় আসতে শুরু করেছে। রবিবার আলিপুরদুয়ার জেলার সহ বিভিন্ন জেলায় আসাম থেকে কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা আসা শুরু করেছেন। উল্লেখ্য আলিপুরদুয়ার জেলার পাঁচটি বিধানসভায় ৫ কোম্পানি কেন্দ্রীয় বাহিনীর জওয়ান অনেকদিন আগেই চলে এসেছিল। রীতিমতো তারা পুলিশকে সঙ্গে নিয়ে রুট মার্চ থেকে শুরু করে বিভিন্ন এলাকায় প্রহড়া দেওয়া শুরু করেছেন। রবিবার আলিপুরদুয়ার জেলার বিভিন্ন বিধানসভায় কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা এসে আস্তানা গেরেছেন। রবিবার আলিপুরদুয়ার জেলায় পঞ্চান্ন কোম্পানি কেন্দ্রীয় বাহিনীর জওয়ান এসে পৌঁছে গেছে। আলিপুরদুয়ার জেলাতে আরো জওয়ান আসবেন এমনটাও জানা গেছে প্রশাসনিক সূত্রে।

## রাজ্যে অশান্তি ঠেকাতে নিরাপত্তা বাহিনীর বিশেষ গাড়ি




**এই যুগ ,কলকাতা ,১২ এপ্রিল :** হাতে গোনা কয়েকটি দিন , তারপরই রাজ্যে বিধানসভা নির্বাচন। নির্বাচনকে ঘিরে রাজনৈতিক দলগুলোর প্রচার তুঙ্গে । তেমনই নির্বাচন এর নিরাপত্তার স্বার্থে একাধিক পদক্ষেপ গ্রহণ করেছে নির্বাচন কমিশন ।এবার রাজ্যে অশান্তি ঠেকাতে কাশ্মীর থেকে নিয়ে আসা হল নিরাপত্তা বাহিনীর বিশেষ গাড়ি । একে বলা হয় মিডিয়াম বুলেটপ্রুফ ভেহিকেল। খুব অশান্তিপূর্ণ জায়গায় এই বিশেষ গাড়ি ব্যবহার করে কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা। দেশের সীমান্ত এলাকা থেকে দেশের একাধিক দাঙ্গাপ্রবণ এলাকায় অভিযান চালানোর জন্য ব্যবহার করা হয় এই বিশেষ ধরনের গাড়ি। রাজ্যে বিধানসভা নির্বাচনের আগেই এই গাড়ি এসে পৌঁছেছে শহর কলকাতা সহ রাজ্যের একাধিক জায়গায়। জানা গিয়েছে নির্বাচনের সময় এই মিডিয়াম বুলেটপ্রুফ ভেহিকেল ব্যবহার করবে কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা।এই গাড়ি সম্পূর্ণ বুলেটপ্রুফ গাড়ি। গাড়ির চাকায় হাওয়া না থাকলেও এই গাড়ি চলতে সক্ষম। এই গাড়ির ভিতরে ১২ জন পর্যন্ত জওয়ান বসতে পারবে। এই গাড়ির বাইরের দিকে লাগানো ক্যামেরা থাকায় বাইরে কোন জায়গায় কী পরিস্থিতি, সেটা গাড়ির ভিতরে বসেই সহজেই নজর রাখতে পারবে জওয়ানরা । সূত্রের খবর , রাজ্যে নির্বাচন কে ঘিরে নিরাপত্তার স্বার্থে এই বিশেষ গাড়ি ব্যবহার করবে কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা। নির্বাচনের দিন কোনরকম অশান্তির খবর পাওয়া মাত্রই সেনাবাহিনীর জওয়ানরা এই গাড়িতেই পৌঁছে যাবে । ২০২৬ এর বিধানসভা নির্বাচনকে ঘিরে নিরাপত্তায় কোনরকম খামতি রাখতে চাইছে না নির্বাচন কমিশন বলাই বাহুল্য।

## ১৫ই এপ্রিল ফালাকাটায় আসছেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ এপ্রিল :** আলিপুরদুয়ার জেলার ফালাকাটায় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সভা করবেন আগামী ১৫ ই এপ্রিল বিজেপির প্রার্থী দীপক বর্মনের প্রচারে এসে। রবিবার এমনটাই জানা গেছে বিজেপির নেতৃত্বের কাছ থেকে। উত্তরবঙ্গের আলিপুরদুয়ার জেলাকে পাখির চোখ করে শাসক কিংবা বিরোধী কিংবা বাম নেতৃত্বের আনাগোনা শুরু হয়েছে বিধানসভা ভোটের প্রার্থী ঘোষণা হওয়ার পরেই। রাজ্য থেকে শুরু করে কেন্দ্রীয় স্তরের নেতৃত্বরা আলিপুরদুয়ার জেলায় আসছেন প্রচারে তাদের প্রার্থীর জন্য। ফালাকাটায় স্বরাষ্ট্রমন্ত্রীর সভাতে সমর্থকদের ভিড় করার জন্য প্রচার চলছে জোর কদমে ।

# অসুস্থ ব্যক্তিরা ভোট দিতে পারবেন বাড়িতে বসেই




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ এপ্রিল :** অসুস্থ এবং বয়োজ্যেষ্ঠ ব্যক্তিদের বাড়িতে গিয়ে ভোট নেওয়া হবে আগামী ১৫ এবং ১৬ ই এপ্রিল আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের ১১ টি গ্রাম পঞ্চায়েতে। ইতিমধ্যেই বি এল ও দের দেওয়া তালিকা অনুযায়ী তালিকা তৈরি করে ফেলেছে ব্লক প্রশাসন। ব্লকের ১১ টি গ্রাম পঞ্চায়েতে ১৪ টি টিম বের হবে ভোট গ্রহণের জন্য।  টিমে থাকবেন সরকারি আধিকারিক থেকে শুরু করে কেন্দ্রীয় বাহিনীর জওয়ান এবং সঙ্গে ভিডিও ক্যামেরাম্যান। দুদিনে ভোটগ্রহণ শেষ না হলে পরবর্তীতে আরেকদিন ভোট গ্রহণের জন্য বের হবে প্রশাসনিক কর্তারা এমনটাও জানা গেছে প্রশাসনিক কর্তাদের কাছ থেকে রবিবার সন্ধ্যায়।

# বাজারে লাগানো তৃণমূল ও বিজেপির ঝান্ডা উধাও ,চাঞ্চল্য এলাকায়




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ এপ্রিল :** বিধানসভা ভোটের জন্য লাগানো তৃণমূল ও বিজেপি উভয় দলের ঝান্ডা উধাও। যার ফলে চাঞ্চল্য ছড়িয়েছে কুমারগ্রাম ব্লকের চেংমারি গ্রাম পঞ্চায়েতের বড় দলদলি এলাকায়। জানা গিয়েছে, বিধানসভা নির্বাচন উপলক্ষে বড় দলদলি বাজার এলাকায় তৃণমূল ও বিজেপি উভয় দলই তাদের ঝান্ডা লাগিয়েছি। রবিবার সকালে তৃণমূল নেতৃত্ব দেখেন, তাদের লাগানো ঝান্ডা গুলি উধাও হয়ে গিয়েছে। এদিকে, বিজেপি নেতৃত্বের অভিযোগ, বড় দলদলি বাজার এলাকায় লাগানো তাদের ঝান্ডা গুলিও নেই। এই ঘটনার খবর পেয়ে বড় দলদলিতে আসে কুমারগ্রাম থানার পুলিশ। পুলিশ সবদিক খতিয়ে দেখে। এই ঘটনার জন্য তৃণমূল ও বিজেপি একে অপরকে দায়ী করেছে। উভয় দলেরই ঝান্ডা গায়েব হয়ে যাওয়ার ঘটনায় বিধানসভা নির্বাচনের ঠিক আগ মুহূর্তে বড় দলদলি এলাকায় শোরগোল পড়েছে।

# উত্তর হলদিবাড়ির নেপালিবস্তিতে আটক ২টি গরু



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ এপ্রিল :** কুমারগ্রাম ব্লকের কুমারগ্রাম গ্রাম পঞ্চায়েতের উত্তর হলদিবাড়ির নেপালিবস্তি এলাকা থেকে ২টি গরু উদ্ধার হল। গ্রামের পথ ব্যবহার করে গরু গুলি অসমে পাচার করা হচ্ছিল। বিষয়টি স্থানীয়দের নজরে আসে। স্থানীয়রা গরু গুলি আটক করেন। খবর দেওয়া হয় কুমারগ্রাম থানায়। এরপর পুলিশ এসে গরু গুলি আটক করে। আটক করা হয়েছে অসমের দুই বাসিন্দাকেও। গরু পাচারের অভিযোগ খতিয়ে দেখছে পুলিশ। জানা গিয়েছে, এদিন সকালে নেপালিবস্তি এলাকার বাসিন্দারা দেখেন, দু'টি গরু অসমের দিকে নিয়ে যাওয়া হচ্ছে। স্থানীয়দের অভিযোগ, কুমারগ্রামের ডাঙ্গির বাসিন্দা রাজু মিঞা নামে এক ব্যক্তি গরু গুলি অসমে নিয়ে যাচ্ছিল। স্থানীয়রা গরু গুলি আটক করে। পরে রাজু এলাকা থেকে চম্পট দেয়। স্থানীয়রা জানতে পারেন, গরু দু'টি রাজু মিঞার নামে শামুকতলা বাজার থেকে কেনা হয়েছে। স্থানীয়দের অভিযোগ, প্রায়ই গ্রামের রাস্তা ধরে সংকোশ নদী পার করিয়ে অসমে গরু পাচার করা হচ্ছে। দীর্ঘদিন ধরে এই অবৈধ কারবার চলছে। অবিলম্বে গরু পাচার বন্ধে ব্যবস্থা গ্রহণের দাবিতে সরব হয়েছেন স্থানীয়রা।

# নয় বছর বয়স্ক তৃতীয় শ্রেণীর ছাত্রীকে যৌন হেনস্থা




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ এপ্রিল :** তৃতীয় শ্রেণীর এক ছাত্রীকে যৌন হেনস্থা করার অভিযোগ উঠেছে এক ব্যক্তির বিরুদ্ধে। ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে শামুকতলা থানা এলাকায়। ছাত্রীর পরিবারের পক্ষ থেকে অভিযোগ দায়ের হওয়ার পর পুলিশ ঘটনার তদন্ত শুরু করে মামলা শুরু করেছে। জানা গেছে শনিবার তৃতীয় শ্রেণীর ওই ছাত্রী স্কুলে যাওয়ার পরেই স্কুল থেকে ডেকে নিয়ে যায় পার্শ্ববর্তী বাড়ির এক ব্যক্তি। এরপরেই তার জামা কাপড় খুলে শরীরের বিভিন্ন জায়গায় হাত দেয়। নাবালিকা ছাত্রী ওই বাড়ি থেকে বের হয়ে দৌড়ে বাড়ি চলে এসে বিস্তারিত জানায় তার পরিবারকে। এরপরেই পরিবারের পক্ষ থেকে একটি অভিযোগ দায়ের করা হয় পুলিশের কাছে। অভিযুক্ত গা ঢাকা দিয়েছে পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

# কার্তিকাতে ১৬ই এপ্রিল সভা করবেন মিঠুন চক্রবর্তী




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ এপ্রিল :** আগামী ১৬ ই এপ্রিল কুমারগ্রাম বিধানসভার বিজেপির প্রার্থীর হয়ে প্রচারে আসবেন অভিনেতা মিঠুন চক্রবর্তী। কুমারগ্রাম বিধানসভার কার্তিকা চা বাগান এলাকায় বিজেপি প্রার্থীর হয়ে প্রচারে আসবেন মিঠুন। উল্লেখ্য ভোট ঘোষণা হওয়ার আগেই কার্তিকা চা বাগান এলাকায় সভা করতে এসেছিলেন তৃণমূলের সাংসদ সায়নী ঘোষ। সেই মাঠেই মিঠুন চক্রবর্তী ভাষণ দেবেন আগামী ১৬ই এপ্রিল থাকবেন আলিপুরদুয়ার জেলার বিজেপির বিভিন্ন নেতৃত্বরা জানা গেছে বিজেপি নেতাদের কাছ থেকে।

# প্রয়াত কিংবদন্তী সঙ্গীতশিল্পী আশা ভোঁসলে



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মুম্বই ,১২ এপ্রিল :** ৯২ বছর বয়সে প্রয়াত কিংবদন্তী সঙ্গীতশিল্পী আশা ভোঁসলে। শনিবার অসুস্থ হলে পরিবারের সদস্যরা হাসপাতালে ভর্তি করেন আশা ভোঁসলেকে। বুকে সংক্রমণ নিয়ে তিনি ভর্তি হন মুম্বইয়ের ব্রিচ ক্যান্ডি হাসপাতালে। রবিবার সোশাল মিডিয়ায় কিংবদন্তি সঙ্গীতশিল্পী আশা ভোঁসলের মৃত্যু সংবাদ পোস্ট করেন তাঁর নাতনি । জানা গিয়েছে , সোমবার বিকাল ৪টে নাগাদ শিবাজী পার্কে আশা ভোঁসলের শেষকৃত্য সম্পন্ন হবে।হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে , শনিবার সংজ্ঞাহীন অবস্থায় হাসপাতালে আনা হয় কিংবদন্তি সঙ্গীত শিল্পীহাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে, গতকালই সংজ্ঞাহীন অবস্থায় আনা হয়েছিল কিংবদন্তি সঙ্গীত শিল্পীকে। মুম্বাইয়ের ব্রিচ ক্যান্ডি হাসপাতালের চিকিৎসক ড. প্রতীত সামদানি জানিয়েছেন, মাল্টি অর্গ্যান ফেলিওরের কারণেই মৃত্যু হয়েছে আশা ভোঁসলের। আশা ভোঁসলে সংগীত জীবনে একাধিক পুরস্কার পেয়েছেন । ২০০৮ সালে পদ্মভূষণ পুরস্কার , ২০০০ সালে পেয়েছিলেন দাদাসাহেব ফালকে পুরস্কার , ১৯৮১ এবং ১৯৮৬ সালে পেয়েছিলেন জাতীয় চলচ্চিত্র পুরস্কার। ১৯৬৮, ১৯৬৯, ১৯৭২, ১৯৭৩, ১৯৭৪, ১৯৭৫ এবং ১৯৭৯ পেয়েছিলেন ফিল্মফেয়ার পুরস্কার। ২০০০ সালে শতাব্দীর সেরা গায়িকা পুরস্কার ও পান আশা ভোঁসলে। ২০০২ সালে বিবিসি আজীবন সম্মাননা পুরস্কার পেয়েছিলেন তিনি। ১৯৮৭ সালে তিনি পেয়েছিলেন নাইটিঙ্গেল অফ এশিয়া পুরস্কার। আশা ভোঁসলের মৃত্যুতে শোকাহত সঙ্গীত মহল ।



EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |